



ওমানে প্রবাসীদের রেসিডেন্ট কার্ডের মেয়াদ বাড়ল, এখন থেকে সর্বোচ্চ ৩ বছর



সংগৃহীত ছবি

ওমান সরকার প্রবাসীদের রেসিডেন্ট কার্ডের মেয়াদ দুই বছর থেকে বাড়িয়ে সর্বোচ্চ তিন বছর করেছে। নতুন নিয়মে এক, দুই বা তিন বছরের মেয়াদি কার্ড বেছে নেওয়ার সুযোগ থাকছে নির্ধারিত ফি দিয়ে। ওমানি নাগরিকদের আইডি কার্ডের মেয়াদও ১০ বছর করা হয়েছে।

ওমান সরকার প্রবাসীদের জন্য রেসিডেন্ট কার্ডের মেয়াদ দুই বছর থেকে বাড়িয়ে তিন বছর করার সিদ্ধান্ত নিয়েছে। সোমবার (১১ আগস্ট) গালফ নিউজের প্রতিবেদনে এ তথ্য জানানো হয়।

নতুন নীতিমালা অনুযায়ী, প্রবাসীরা নির্ধারিত ফি দিয়ে এক, দুই বা তিন বছরের মেয়াদে রেসিডেন্ট কার্ড নিতে পারবেন। এক বছরের জন্য ফি ৫ রিয়াল, দুই বছরের জন্য ১০ রিয়াল এবং তিন বছরের জন্য ১৫ রিয়াল নির্ধারণ করা হয়েছে। কার্ড হারানো বা ক্ষতিগ্রস্ত হলে পুনঃপ্রদানের জন্য দিতে হবে ২০ রিয়াল।

এছাড়া, ওমানি নাগরিকদের ব্যক্তিগত আইডি কার্ডের মেয়াদ ১০ বছর পর্যন্ত বাড়ানো হয়েছে। রিয়াল ওমান পুলিশ জানিয়েছে, মেয়াদ শেষ হওয়ার ৩০ দিনের মধ্যে সব রেসিডেন্ট ও আইডি কার্ডধারীকে আইন মেনে নথি নবায়ন করতে হবে।

এই সিদ্ধান্তকে স্বাগত জানিয়েছেন সেখানে বসবাসরত প্রবাসীরা, বিশেষ করে বাংলাদেশি কর্মীরা। ২০২৫ সালের জুন পর্যন্ত তথ্য অনুযায়ী, ওমানে প্রায় ১৮ লাখ বাংলাদেশি রয়েছেন—এর মধ্যে বেসরকারি খাতে ১৪ লাখ, সরকারি খাতে ৪১ হাজার এবং গৃহকর্মী হিসেবে ৩ লাখ ৪৯ হাজার কর্মরত।